



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২১-(এংশ-১), ৩৫৫৩/১২

তারিখ: ০২/০৩/২০২৩ খ্রি.


**বিষয়: 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.২৩, তারিখ: ২১ জানুয়ারি ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ভাষণের তাৎপর্য তুলে ধরে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র. নং	কর্মসূচি
০১	'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ প্রভাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচারের ব্যবস্থা।
০৩	জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' উদ্‌যাপন।
০৪	শিক্ষার্থীদের নিয়ে উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চ-এর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও কুইজ প্রতিযোগিতা ইত্যাদির মধ্যে যেটি সুবিধাজনক তা আয়োজন। (স্কুল পর্যায়ে 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের উপর কুইজ এবং কলেজ পর্যায়ে 'কারাগারের রোজনামা', 'আমার দেখা নয়া চীন' বইয়ের উপর কুইজ আয়োজন)
০৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আয়োজনে শিক্ষার্থীরা জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য 'ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষণ' এর স্ব স্ব উপস্থাপনা ভিডিও ধারণ করে পাঠাবে। প্রেরিত ভিডিওগুলো থেকে নির্বাচিতদের পুরস্কার প্রদান করা হবে। <b>ভিডিও প্রেরণের প্রক্রিয়া:</b> ভিডিও ধারণের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের সহায়তায় স্মার্ট ফোন অথবা ভিডিও ক্যামেরা ব্যবহার করে ভিডিও ধারণ করতে হবে। ভিডিও ধারণ করে শিক্ষা প্রতিষ্ঠানের ইউটিউব চ্যানেল অথবা গুগল ড্রাইভে আপলোড করে ইমেইলে ( <a href="mailto:7marchdshe@gmail.com">7marchdshe@gmail.com</a> ) লিংক প্রেরণ করতে হবে। প্রেরিত ভিডিওগুলো যাচাই বাছাই করে জাতীয় পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে। ইমেইলে ভিডিও পাঠানোর শেষ তারিখ ১৪/০৩/২০২৩ খ্রি.

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

  
০২/০৩/২০২৩  
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

[ad-admin@dshe.gov.bd](mailto:ad-admin@dshe.gov.bd)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/ পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০৫. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৭. জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা);
০৮. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (ইংলিশ মিডিয়াম স্কুলসহ), সকল;
০৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১২. সংরক্ষণ নথি।